গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৫৫. ২০১৮-৩৬৯

তারিখ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২৮ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন-৪৪৫৮/২০১৮ [পিটিশনার জনাব শরিফুল হক, পিতা-আনোয়ার হোসেন, সাং-বৈয়মপুর গৌরিপুর, ওয়ার্ড নং-২ কানাইঘাট পৌরসভা, উপজেলা-কানাইঘাট, জেলা-সিলেট বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ১৮.৪.২০১৮ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার কানাইঘাট পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শরীফুল হক এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সিলেট এ দায়েরকৃত মামলার চার্জশীট বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ৪.৩.২০১৮ তারিখের ৪৬.০০.০০০০. ০৬৪.০৩২. ০২৩.১২/১৯৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে সিনিয়র সচিব মহোদয়সহ ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত প্রজ্ঞাপনের কার্যকারিতা আদেশের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করেছেন। রীট পিটিশন নং ৪৪৫৮/২০১৮ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যক।

২। এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগের অন্তবর্তী আদেশ প্রতিপালন পূর্বক রীট ও আরজি'র আলোকে দফাওয়ারী জবাব (Statement of Facts-SF) এবং প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্থ জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত ঃ --------- ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
☎ ৯৫৪০৯৯৫
E mail: dslaw1.lgd.gov@gmail.com

উপসচিব (পৌর-২)
স্থানীয় সরকার বিভাগ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ
১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৪। অফিস কপি/মাষ্টার কপি।